ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৫৬৪

জম্পুইজলা, ৬ মে, ২০২৫

**জম্পুইজলায় শিশু সুরক্ষা বিষয়ক সচেতনতা শিবির অনুষ্ঠিত**

আজ সকালে জম্পুইজলা মহকুমার সুধন্বা দেববর্মা স্মৃতি দ্বাদশমান বিদ্যালয়ে শিশু সুরক্ষার উপর সচেতনতা শিবির অনুষ্ঠিত হয়। শিশু অধিকার সুরক্ষা কমিশনের উদ্যোগে এবং শিক্ষা দপ্তরের সহযোগিতায় এই সচেতনতা শিবির অনুষ্ঠিত হয়। প্রদীপ প্রজ্জ্বলনের মাধ্যমে অনুষ্ঠানের উদ্বোধন করেন শিশু অধিকার সুরক্ষা কমিশনের চেয়ারম্যান জয়ন্তী দেববর্মা। অনুষ্ঠানে শিশুদের অধিকার, সুরক্ষা, শিশু শিক্ষা এবং নেশামুক্ত ও বর্জন, পিওসিএসও আইন ইত্যাদি বিষয় নিয়ে আলোচনা হয়। অনুষ্ঠানে রিসোর্সপার্সন হিসেবে উপস্থিত ছিলেন আইনজীবি সুচিত্রা ত্রিপুরা। এছাড়া অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সুধন্বা দেববর্মা স্মৃতি দ্বাদশমান বিদ্যালয়ের প্রিন্সিপাল ধর্মচরণ জমাতিয়া, সহকারি প্রিন্সিপাল ইভি সেন, শিশু অধিকার সুরক্ষা কমিশনের সদস্যা মনিকা দেববর্মা সহ এই কমিশনের অন্যান্য সদস্যাগণ।

******